

পর্যটন স্বর্গ মালদ্বীপ থেকে ফেরার পথে বাড়তি খরচ

- A Monitor Desk Report

Date: 30 November, 2024



মালে : চলতি বছরের ডিসেম্বর থেকে মালদ্বীপ সরকার দেশ ছাড়ার সময় যাতায়াত ভাড়া কর বাড়িয়েছে। এর ফলে পর্যটকদের পকেটে আরো চাপ পড়বে। বিমানবন্দর রক্ষণাবেক্ষণের জন্য এই কর বাড়ানো হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

স্বপ্নের মতো সৈকত, স্বচ্ছ নীল পানি আর বিলাসবহুল রিসোর্টে ভরা মালদ্বীপ। অনেকের কাছেই এটি পর্যটনের স্বর্গ। কিন্তু এ স্বর্গ থেকে ফেরার পথে এবার আরো বেশি টাকা খরচ করতে হবে।

চলতি বছরের ডিসেম্বর থেকে মালদ্বীপ সরকার দেশ ছাড়ার সময় যাতায়াত ভাড়া কর বাড়িয়েছে। এর ফলে পর্যটকদের পকেটে আরো চাপ পড়বে। বিমানবন্দর রক্ষণাবেক্ষণের জন্য এই কর বাড়ানো হয়েছে বলে জানিয়েছে দেশটির সরকার।

আগামী ১ ডিসেম্বর থেকে এ বাড়তি ভাড়া কার্যকর হবে বলে জানিয়েছে মালদ্বীপ ইনল্যান্ড রেভিনিউ অথরিটি (এমইআরএ)।

পর্যটকরা কী রকম ইকোনমি ক্লাসে ভ্রমণ করবেন তার ওপর এ বাড়তি খরচ নির্ভর করবে। যেমন□ যাত্রীদের এখন ৫০ ডলার, বিজনেস ক্লাসে ১২০ ডলার, প্রথম শ্রেণীতে ২৪০ ডলার এবং প্রাইভেট জেট ব্যবহারকারীদের ৪৮০ ডলার দিতে হবে। এই ভাড়া আগের তুলনায় প্রায় চার গুণ বেশি।

এমইআরএ জানিয়েছে, বাড়তি এ অর্থ মূলত ভেলানা আন্তর্জাতিক বিমানবন্দরের রক্ষণাবেক্ষণ ও উন্নয়নে ব্যয় করা হবে।

মালদ্বীপের অর্থনীতি মূলত পর্যটন নির্ভর। বিশ্বের বিলাসবহুল হোটেল চেইনগুলো এখানে বিলাসবহুল রিসোর্ট তৈরি করেছে। অনেক রিসোর্টে এক রাত থাকার খরচ কয়েক হাজার ডলারের মতো। তবে দেশটির সাধারণ মানুষের বার্ষিক গড় আয় মাত্র ১২ হাজার ডলার।

এ নতুন কর বৃদ্ধি দেশটির পর্যটন খাতে কতটা প্রভাব ফেলবে, সেটিই এখন দেখার বিষয়। কিছু পর্যটক অতিরিক্ত খরচের কারণে মালদ্বীপ ভ্রমণ

থেকে বিরত থাকতে পারেন। আবার অনেকে এ সুন্দর দ্বীপের আকর্ষণে এই খরচ মেনেও নিতে পারেন। তাই বাড়তি এই ভাড়া দেশটির পর্যটন খাতে কী ধরনের প্রভাব ফেলবে তা সময়ই বলে দেবে।

-B